16

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JUN 1994
পৃষ্ঠা ১২ কলাম ৪

## চট্টগ্রাম ভার্সিটিতে ছাত্রলীগের অবরোধ কর্মসূচী অব্যাহত

চট্টগ্রাম অফিস ।। ছাত্রলীগ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা আহুত লাগাতার অবরোধ কর্মসূচীর ৪র্থ দিন গতকাল (মঙ্গলবার) অতিবাহিত হয়। অবরোধ কর্মসূচীর

(২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটিতে

( শেষ পৃঃ পর )

ফলে বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ বন্ধ থাকে। ছাত্র শিক্ষক কর্মকর্তা কর্মচারীর উপস্থিতি সংখ্যা খুবই কম ছিল। কর্মকর্তা-কর্মচারীদের অনুপস্থিতির কারণে প্রশাসনিক কাজে ব্যাঘাত সৃষ্টি হইতেছে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক আবুল কাশেমের সহিত যোগাযোগ করিলে তিনি জানান, আন্দোলনকারী ছাত্রসংগঠন তাহাদের দাবীর ব্যাপারে অনমনীয়। অবরোধের ফলে প্রিলিমিনারী ভর্তি পরীক্ষা অনিশ্চিত হইয়া পড়িয়াছে।

অবরোধ চলাকালে বিশ্ববিদ্যালয় ১নং সড়ক এবং ষ্টেশন চত্বরে ছাত্রলীগের উদ্যোগে দুইটি পৃথক সভা অনুষ্ঠিত হয়। ১নং সড়কে মোহাম্মদ কলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তাগণ অবিলম্বে ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার সাবেক যুগ্ম সম্পাদক সোহরাব হোসেন সোহাগ এবং সাধারণ সম্পাদক আল হাছানসহ ৪ জন ছাত্রনেতার মুক্তি দাবী করেন। বক্তাগণ ছাত্র লীগ নেতাদের বাসায় বাসায় পুলিশী হয়রানির তীব্র নিন্দা ও ক্ষোভ জানান।

অপরদিকে ষ্টেশন চত্বরে শাহজাহান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নেতৃবৃন্দ মোহাম্মদ সেলিম এবং হিরুর উপর হামলাকারী শিবিরের সন্ত্রাসীদের বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার এবং অবিলম্বে হলসমূহে পুলিশী তল্লাশীর দাবী জানায়। নেতৃবৃন্দ বলেন অবিলম্বে প্রশাসন ব্যবস্থা গ্রহণে ব্যর্থ হইলে বিশ্ববিদ্যালয় অচল করিয়া দেওয়া হইবে।